গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা সমবায় কর্মকর্তা, উপজেলা সমবায় কার্যালয়, দিঘলিয়া, খুলনা

এবং

জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয়, খুলনা-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

## সূচিপত্র

উপজেলা অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: উপজেলা অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: উপজেলা অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৪

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৬

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৭

# উপজেলা অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Upazilla Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে উপজেলা সমবায় কার্যালয়, দিঘলিয়া, খুলনা বিগত তিন বছরে উল্লেখযোগ্য সাফল্য অর্জনে সক্ষম হয়েছে। কর্মকর্তাগণের উদ্ভাবনী প্রয়াসের ফলে সমবায়কে আরও গণমানুষের সংগঠনে পরিণত করতে ও এর গুণগত মান উন্নয়নে সারাদেশে উৎপাদনমুখী ও সেবাধর্মী সমবায় গঠন, সমবায় উদ্যোক্তা সৃষ্টির কৌশল অবলম্বন, সমবায়পণ্য উৎপাদন ও বাজারজাতকরণে সহায়ক ভূমিকা পালন করতে সক্ষম হয়েছে। বিগত তিন বছরে ১৬ টি নতুন সমবায় সমিতি গঠন করা হয়েছে এবং বিগত তিন বছরে মোট ৩২০ জন নতুন সমবায়ীকে সদস্যভুক্ত করা হয়েছে। বিগত ২০২০-২০২১ সালে ৯০টি; ২০২১-২০২২ সালে ৭০টি এবং ২০২২-২০২৩ সালে ৭০টি সমবায় সমিতির নিরীক্ষা সম্পন্ন করা হয়েছে। ১০০ জন সমবায়ীকে ভ্রাম্যমাণ প্রশিক্ষণের মাধ্যেমে চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক পরিচালিত আশ্রয়ণ প্রকল্পের মাধ্যমে পূণর্বাসিত পরিবারের মধ্যে এ পর্যন্ত ২১,৭৫,০০০/- টাকা বিতরণ করা হয়েছে এবং সার্ভিসচার্জসহ আদায়ের পরিমাণ ১৯,৮৪,৮২১/- টাকা। এছাড়াও ‘রূপকল্প ২০৪১’, ‘এসডিজি’ অর্জন এবং ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার আলোকে সমবায় অধিদপ্তর কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

উন্নয়নমুখী ও টেকসই সমবায় গঠনের মাধ্যমে খুলনা জেলায় বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে উপজেলা সমবায় কার্যালয়, দিঘলিয়া, খুলনা এর চ্যালেঞ্জ বহুবিধ। এ উপজেলায় নিবন্ধিত সমবায় এর সংখ্যা প্রায় ৭৩ টি । নানা শ্রেণি ও পেশার সম্মিলনে তৈরী হওয়া বৈচিত্রময় কার্যক্রমে পূর্ণ এ বিপুল সমবায় সমিতিকে নিয়মিত অডিট করা, নিবিড়ভাবে মনিটরিং করা এবং সদস্যদেরকে দক্ষ ও আন্তরিক সমবায়ী হিসেবে গড়ে তোলা অন্যতম বড় চ্যালেঞ্জ। সমবায়ীগণের চাহিদা পূরণে প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান সময়ের অন্যতম দাবী। কিন্তু প্রয়োজনীয় জনবল, প্রয়োজনীয় যানবাহন ও পর্যাপ্ত অর্থ বরাদ্দ না থাকায় রুটিন কাজের মাধ্যমে এ সমস্যার সমাধান সম্ভব হচ্ছেনা। তাছাড়া মাঠপর্যায়ে চাহিদা অনুযায়ী উন্নয়ন প্রকল্প না থাকায় সমবায়কে ব্যাপক ভিত্তিক উন্নয়নমুখী কার্যক্রমে সম্পৃক্ত করা যাচ্ছে না।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

সমবায় এর সংখ্যা যৌক্তিক পর্যায়ে নিয়ে আসার জন্য অবসায়নে ন্যস্ত সমবায় গুলোর অবসায়ন দ্রুত নিষ্পত্তি করা আগামী অর্থ বছরের অন্যতম প্রধান লক্ষ্য। সেজন্য নিবন্ধন বাতিল ও অকার্যকর হয়ে পড়া সমবায় সমূহকে পুনঃকার্যকর করার পদক্ষেপ গ্রহণ করা হবে। পাশাপাশি উপজেলা ভিত্তিক সুনির্দিষ্ট সংখ্যক সমিতি চিহ্নিত করে উৎপাদনমুখী সমবায়ে রূপান্তর করার উদ্যোগ বাস্তবায়ন করা হবে। উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে উপজেলা সমবায় কার্যালয়ের নাগরিক সেবা সহজ করা ওট্রেডভিত্তিক প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান করার মাধ্যমে সমবায় উদ্যোক্তা সৃষ্টি করা ও আত্ম-কর্মসংস্থানের পথ সুগম করাও অন্যতম লক্ষ্য। সমবায়ের মাধ্যমে দেশীয় উৎপাদন বৃদ্ধি এবং উৎপাদিত পণ্য সরাসরি ভোক্তাদের নিকট সুলভ মূল্যে পৌছে দেয়ার লক্ষ্যে সমবায় পণ্যের ব্রান্ডিং, বাজারজাতকরণে সহায়তা করা হবে। এছাড়া সমবায়ের মাধ্যমে নৃ-তাত্বিক জনগোষ্ঠী, সুবিধাবঞ্চিত ও অনগ্রসর জনগোষ্ঠী ও মহিলাদের সরাসরি ও বিকল্প কর্মসংস্থান সৃষ্টি, সামাজিক ও আর্থিক বৈষম্য হ্রাস এবং জীবনযাত্রার মান উন্নয়নেও ক্ষমতায়নের জন্য প্রকল্প/কর্মসূচি গ্রহণে সমবায় অধিদপ্তরে প্রকল্প/কর্মসূচির প্রস্তাব প্রেরণ করা হবে।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- প্রাপ্ত নিবন্ধন আবেদনের শতভাগ নিস্পত্তিসহ ১ টি মডেল সমবায় গঠন করা হবে;
- ৫০% সমবায় এর নির্বাচন অনুষ্ঠান, নিরীক্ষিত কার্যকর সমবায় এর মধ্যে ৩0% এর এজিএম আয়োজন এবং ৩১ আগষ্ট ২০২৪ এর মধ্যে ৫০% সমবায় এর হিসাব বিবরণী প্রাপ্তি নিশ্চিত করা হবে।
- ৫০ জনকে চাহিদা ভিত্তিক ভ্রাম্যমাণ প্রশিক্ষণ প্রদান করা হবে;
- ৪০ টি সমবায় এর পরিদর্শন এবং শতভাগ সমবায় এর নিরীক্ষা সম্পাদন করা হবে।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

উপজেলা সমবায় কর্মকর্তা, উপজেলা সমবায় কার্যালয়, দিঘলিয়া, খুলনা

এবং

জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয়, খুলনা-এর মধ্যে ২০২৪ সালের ................. মাসের ................. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## উপজেলা অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

টেকসই সমবায়, টেকসই উন্নয়ন।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে কৃষি, অকৃষি, আর্থিক ও সেবা খাতে টেকসই সমবায় গড়ে তোলা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ উপজেলা অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. উৎপাদন, আর্থিক ও সেবাখাতে সমবায় গঠন
২. টেকসই সমবায় গঠনে কার্যক্রম গ্রহণ
৩. সমবায় সংগঠনের সক্ষমতা বৃদ্ধি ও উদ্যোক্তা সৃজন

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. সমবায় আদর্শে/দর্শনে উদ্বুদ্ধকরণ ও সমবায় গঠন
২. নিরীক্ষা, পরিদর্শন ও তদারকির মাধ্যমে সমবায় সমিতিগুলোতে সুশাসন প্রতিষ্ঠা করা
৩. সমবায় অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের উচ্চতর প্রশিক্ষণের সুযোগ সৃষ্টির মাধ্যমে পেশাগত দক্ষতা বৃদ্ধি করা
৪. প্রশিক্ষণের মাধ্যমে সমবায়ীদের দক্ষতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃজনে সহায়তা করা
৫. সমবায় নেটওয়ার্কিং জোরদার করার লক্ষ্যে সমবায় মূল্যবোধের প্রচার, প্রকাশনা, সেমিনার ও কর্মশালার আয়োজন এবং প্রাতিষ্ঠানিক স্বীকৃতি প্রদান
৬. পুঁজি গঠন ও বিনিয়োগের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টি করা
৭. গ্রামীণ মহিলা ও সাধারণ জনগোষ্ঠীর ক্ষমতায়ন ও আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে সমবায় ভিত্তিক প্রকল্প ও কর্মসূচির বাস্তবায়ন
৮. সমবায় পণ্য ব্রান্ডিং ও বাজার সংযোগ প্রতিষ্ঠায় সমবায়ীদের দক্ষতা উন্নয়নে সহায়তা করা
৯. সমবায় অধিদপ্তরের অভিলক্ষ্য অর্জন ও কার্যাবলী বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা ২০২৪-২৫ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৫-২০২৬ | ২০২৬-২০২৭ | | |
| আত্ম-কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে বেকারত্ব দূর করে আর্থ-সামাজিক উন্নয়ন। | সমবায় সংগঠনের মাধ্যমে স্ব-কর্মসংস্থান | জন | ৮০ | ৯০ | ১০০ | ১১০ | ১২০ | সমবায় বিভাগ, মহিলা ও শিশু মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | উপজেলা ও জেলা সমবায় কার্যালয় সমূহের মাসিক ও ত্রৈমাসিক রিটার্ন |
| সমবায় সমিতি নিরীক্ষার মাধ্যমে অনিয়ম উদঘাটন ও ব্যবস্থাপনা কমিটির জবাবদিহি নিশ্চিতকরণ | কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদনের হার | শতকরা | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | সমবায় বিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, এলজিইডি, বিআরডিবি ও কাল্ব। | উপজেলা ও জেলা সমবায় কার্যালয় সমূহের মাসিক ও ত্রৈমাসিক রিটার্ন |
| সমবায়ে সুশাসন প্রতিষ্ঠা করা | ব্যবস্থাপনা কমিটির নির্বাচন/অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠিত | শতকরা | ৭০ | ৮০ | ৮৫ | ৯০ | ৯৫ | সমবায় বিভাগ | উপজেলা ও জেলা সমবায় কার্যালয়সমূহের মাসিক ও ত্রৈমাসিক রিটার্ন |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] উৎপাদন, আর্থিক ও সেবাখাতে সমবায় গঠন | ২৫ | [১.১] নিবন্ধন | [১.১.১] প্রাক-নিবন্ধন প্রশিক্ষণের মাধ্যমে উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণার্থীর সংখ্যা | সমষ্টি | জন (লক্ষ) | ৮ | ০.০০০৯ | ০.০০০১ | ০.০০১ | ০.০০০৯ | | | | ০.০০১১ | ০.০০১২ |
| | | | [১.১.২] নিবন্ধন আবেদন নিষ্পত্তিকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ৮ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | | | | ১০০ | ১০০ |
| | | | [১.১.৩] আশ্রয়ন সমবায় সমিতি গঠিত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | ০ | ১০০ | ১০০ | ৯০ | | | | ১০০ | ১০০ |
| | | [১.২] সমবায়ীদের পূজি বিনিয়োগের মাধ্যমে অতিরিক্ত কর্মসংস্থান | [১.২.১] সমবায়ী সংগঠনের মাধ্যমে আত্ন-কর্মসংস্থান সৃজিত (পুরুষ) | সমষ্টি | জন (লক্ষ) | ৪ | ০.০০০৫ | ০.০০০৬ | ০.০০০৬ | ০.০০০৫ | | | | ০.০০০৭ | ০.০০০৮ |
| | | | [১.২.২] সমবায়ী সংগঠনের মাধ্যমে আত্ন-কর্মসংস্থান সৃজিত (মহিলা) | সমষ্টি | জন (লক্ষ) | ৩ | ০.০০০৩ | ০.০০০৪ | ০.০০০৪ | ০.০০০৩ | | | | ০.০০০৪ | ০.০০০৫ |
| [২] টেকসই সমবায় গঠনে কার্যক্রম গ্রহণ | ২৩ | [২.১] তদারকি ও মানোন্নয়ন | [২.১.১] অকার্যকর সমিতির হালনাগাদ তালিকা সংকলিত | তারিখ | তারিখ | ২ | ২৬.০৭.২২ | ২৬.০৭.২৩ | ১৪.০৮.২৪ | ২৬.০৮.২৪ | | | | ০৭.০৮.২৪ | ৩০.০৭.২৫ |
| | | | [২.১.২] সমিতির বাৎসরিক নির্বাচনী ক্যালেন্ডার সংকলিত | তারিখ | তারিখ | ২ | ০৯.০৮.২২ | ০৯.০৮.২৩ | ১৪.০৮.২৪ | ২৬.০৮.২৪ | | | | ০৭.০৮.২৪ | ৩০.০৭.২৫ |
| | | | [২.১.৩] মডেল সমবায় সমিতি সৃজন | সমষ্টি | সংখ্যা | ১ | ১ | ১ | ১ | ১ | | | | ১ | ১ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| | | [২.২] সমবায় সুশাসন প্রতিষ্ঠা | [২.২.১] কার্যকর সমিতির বার্ষিক আর্থিক বিবরণী প্রাপ্তি নিশ্চিতকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | ০ | ৫০ | ৫০ | ৪০ | | | | ৬০ | ৭০ |
| | | | [২.২.২] সমিতি পরিদর্শন সম্পাদিত | সমষ্টি | সংখ্যা | ২ | ৩০ | ৪০ | ৪০ | ৩০ | | | | ৫০ | ৬০ |
| | | | [২.২.৩] ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠিত /অন্তর্বর্তী কমিটি গঠিত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | ৮০ | ৯০ | ৯০ | ৮০ | | | | ৯০ | ৯০ |
| | | | [২.২.৪] কার্যকর সমিতির নিরীক্ষা সম্পাদনের হার | ক্রমপুঞ্জিভূত | % | ৪ | ১০০ | ১০০ | ১০০ | ৯৫ | | | | ১০০ | ১০০ |
| | | | [২.২.৫] নিরীক্ষা সম্পাদিত সমিতির এজিএম আয়োজিত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | ৯০ | ৯০ | ৯০ | ৮০ | | | | ৯০ | ৯০ |
| | | | [২.২.৬] নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও ব্যবস্থা গ্রহণ | সমষ্টি | সংখ্যা | ১ | ২০ | ২০ | ২০ | ১৫ | | | | ২৫ | ৩০ |
| | | | [২.২.৭] নিরীক্ষা সংশোধনী প্রতিবেদন দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | ২০ | ২০ | ২০ | ১০ | | | | ৭০ | ৮০ |
| | | | [২.২.৮] এজিএম সম্পন্ন না হওয়া সমিতির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গৃহীত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | ০ | ৭০ | ৭০ | ৬০ | | | | ৮০ | ৯০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| | | [২.৩] রাজস্ব আদায় | [২.৩.১] নিরীক্ষা ফি আদায়কৃত | ক্রমপুঞ্জিভূত | % | ৩ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | | | | ১০০ | ১০০ |
| | | | [২.৩.২] সমবায় উন্নয়ন তহবিল আদায়কৃত | ক্রমপুঞ্জিভূত | % | ৩ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | | | | ১০০ | ১০০ |
| [৩] সমবায় সংগঠনের সক্ষমতা বৃদ্ধি ও উদ্যোক্তা সৃজন | ২২ | [৩.১] স্থানীয় চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ | [৩.১.১] ভ্রাম্যমাণ প্রশিক্ষণ অনুষ্ঠিত (পুরুষ/মহিলা) | সমষ্টি | জন | ৮ | ১০০ | ১০০ | ১০০ | ৫০ | | | | ১০০ | ১২৫ |
| | | [৩.২] সমবায় ইনস্টিটিউটে চাহিদা অনুযায়ী প্রশিক্ষণার্থী প্রেরণ | [৩.২.১] প্রশিক্ষণার্থী প্রেরিত(পুরুষ/মহিলা) | ক্রমপুঞ্জিভূত | % | ৬ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | | | | ১০০ | ১০০ |
| | | [৩.৩] প্রাতিষ্ঠানিক স্বীকৃতি | [৩.৩.১] জাতীয় সমবায় পুরস্কারের জন্য মনোনয়ন প্রেরিত | ক্রমপুঞ্জিভূত | % | ৮ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | | | | ১০০ | ১০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, উপজেলা সমবায় কর্মকর্তা, উপজেলা সমবায় কার্যালয়, দিঘলিয়া, খুলনা, জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয়, খুলনা-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয়, খুলনা হিসাবে উপজেলা সমবায় কর্মকর্তা, উপজেলা সমবায় কার্যালয়, দিঘলিয়া, খুলনা-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

..............................................................

উপজেলা সমবায় কর্মকর্তা
উপজেলা সমবায় কার্যালয়, দিঘলিয়া, খুলনা

..............................................................

তারিখ

..............................................................

জেলা সমবায় কর্মকর্তা
জেলা সমবায় কার্যালয়, খুলনা

..............................................................

তারিখ

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | আসই | আঞ্চলিক সমবায় ইনষ্টিটিউট |
| ২ | এজিএম | বার্ষিক সাধারণ সভা |
| ৩ | এনআইডি | জাতীয় পরিচয়পত্র |
| ৪ | এসডিজি | টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা |
| ৫ | কালব | কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লীগ অব বাংলাদেশ |
| ৬ | টিসিভি | টাইম, কস্ট, ভিজিট |
| ৭ | বিবিএস | বাংলাদেশ ব্যুরো অব স্ট্যাটিস্টিক্স |
| ৮ | বিসিএ | বাংলাদেশ সমবায় একাডেমী |
| ৯ | সিআইজি | কমন ইন্টারেস্ট গ্রুপ |
| ১০ | সিডিএফ | সমবায় উন্নয়ন তহবিল |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
| --- | --- | --- | --- |
| [১.১] নিবন্ধন | [১.১.১] প্রাক-নিবন্ধন প্রশিক্ষণের মাধ্যমে উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণার্থীর সংখ্যা | উপজেলা সমবায় কার্যালয়, দিঘলিয়া | উপজেলা/জেলা ভিত্তিক সভার সংখ্যা( উপজেলা/জেলার নাম, সভার সংখ্যা,উপস্থিতির সংখ্যা |
| | [১.১.২] নিবন্ধন আবেদন নিষ্পত্তিকৃত | উপজেলা সমবায় কার্যালয়, দিঘলিয়া | উপজেলা/জেলার নিবন্ধন আবেদন নিস্পত্তি রেজিস্টার(আবেদনকারীর নাম ও ঠিকানা, আবেদন গ্রহণের তারিখ, নিবন্ধন/ প্রত্যাখ্যান, নিস্পত্তির তারিখ) ** ২।৫ কলামে জেলা ও উপজেরা কর্তৃক নিবন্ধন/প্রত্যাখ্যাত আবেদনের তথ্য(উপজেলা/ জেলা ভিত্তিক সংখ্যা) |
| | [১.১.৩] আশ্রয়ন সমবায় সমিতি গঠিত | উপজেলা সমবায় কার্যালয়, দিঘলিয়া, খুলনা। | উপজেলা/জেলার নিবন্ধন আবেদন নিস্পত্তি রেজিস্টার(আবেদনকারীর নাম ও ঠিকানা, আবেদন গ্রহণের তারিখ, নিবন্ধন/ প্রত্যাখ্যান, নিস্পত্তির তারিখ) ** ২।৫ কলামে জেলা ও উপজেরা কর্তৃক নিবন্ধন/প্রত্যাখ্যাত আবেদনের তথ্য(উপজেলা/ জেলা ভিত্তিক সংখ্যা) |
| [১.২] সমবায়ীদের পূজি বিনিয়োগের মাধ্যমে অতিরিক্ত কর্মসংস্থান | [১.২.১] সমবায়ী সংগঠনের মাধ্যমে আত্ন-কর্মসংস্থান সৃজিত (পুরুষ) | উপজেলা সমবায় কার্যালয়, দিঘলিয়া | উপজেলা কর্তৃক প্রদর্শিত তথ্যের আলোকে সমবায় ভিত্তিক তালিকা(উপজেলার নাম, সমবায় এর নাম, ঠিকানা, উপকারভোগীর নাম, স্বকর্মসংস্থানের সংখ্যা, স্বকর্মসংস্থানের খাত) |
| [১.২] সমবায়ীদের পূজি বিনিয়োগের মাধ্যমে অতিরিক্ত কর্মসংস্থান | [১.২.২] সমবায়ী সংগঠনের মাধ্যমে আত্ন-কর্মসংস্থান সৃজিত (মহিলা) | উপজেলা সমবায় কার্যালয়, দিঘলিয়া | উপজেলা কর্তৃক প্রদর্শিত তথ্যের আলোকে সমবায় ভিত্তিক তালিকা(উপজেলার নাম, সমবায় এর নাম, ঠিকানা, উপকারভোগীর নাম, স্বকর্মসংস্থানের সংখ্যা, স্বকর্মসংস্থানের খাত) |
| [২.১] তদারকি ও মানোন্নয়ন | [২.১.১] অকার্যকর সমিতির হালনাগাদ তালিকা সংকলিত | উপজেলা সমবায় কার্যালয়, দিঘলিয়া | উপজেলা কর্তৃক প্রদর্শিত তথ্যের আলোকে সমবায় ভিত্তিক তালিকা (উপজেলার নাম, অকার্যকর সমবায় এর নাম ,নিবন্ধন নং, তারিখ , ঠিকানা ও হালনাগাদ তালিকা প্রনয়নের তারিখ)। |
| | [২.১.২] সমিতির বাৎসরিক নির্বাচনী ক্যালেন্ডার সংকলিত | উপজেলা সমবায় কার্যালয়, দিঘলিয়া | উপজেলা কর্তৃক প্রদর্শিত তথ্যের আলোকে সমবায় ভিত্তিক তালিকা (উপজেলার নাম, নির্বাচনযোগ্য সমবায় এর নাম এবং নির্বাচনী ক্যালেন্ডার প্রনয়নের তারিখ)। |
| | [২.১.৩] মডেল সমবায় সমিতি সৃজন | উপজেলা সমবায় কার্যালয়, দিঘলিয়া | উপজেলা কর্তৃক প্রদর্শিত তথ্যের আলোকে সমবায় ভিত্তিক তালিকা (উপজেলার নাম, সমবায় এর নাম, ঠিকানা ,নিবন্ধন নং ও তারিখ)। |
| [২.২] সমবায় সুশাসন প্রতিষ্ঠা | [২.২.১] কার্যকর সমিতির বার্ষিক আর্থিক বিবরণী প্রাপ্তি নিশ্চিতকৃত | উপজেলা সমবায় কার্যালয়, দিঘলিয়া | উপজেলা ভিত্তিক তালিকা (সমবায় এর নাম, হিসাব বিবরণী প্রাপ্তির তারিখ, নির্ণীত নীট লাভ।) |
| | [২.২.২] সমিতি পরিদর্শন সম্পাদিত | উপজেলা সমবায় কার্যালয়, দিঘলিয়া | উপজেলা ভিত্তিক তালিকা (সমবায় এর নাম, পরিদর্শনকরী কর্মকর্তার নাম, পরিদর্শনের তারিখ)। |
| | [২.২.৩] ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠিত /অন্তর্বর্তী কমিটি গঠিত | উপজেলা সমবায় কার্যালয়, দিঘলিয়া | উপজেলা ভিত্তিক তালিকা (সমবায় এর নাম, কমিটির মেয়াদ উত্তীর্ণের তারিখ, ঘোষিত তফশীল মোতাবেক নির্বাচনের তারিখ, প্রযোজ্য ক্ষেত্রে অন্তর্বর্তী কমিটি গঠনের আদেশ নং ও তারিখ (প্রয়োজনীয় সাব কলাম থাকবে)। |
| | [২.২.৪] কার্যকর সমিতির নিরীক্ষা সম্পাদনের হার | উপজেলা সমবায় কার্যালয়, দিঘলিয়া | উপজেলা ভিত্তিক তালিকা (অডিট অফিসারের নাম, অডিটকৃত সমবায়ের নাম, অডিট সম্পাদনের তারিখ)। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [২.২] সমবায় সুশাসন প্রতিষ্ঠা | [২.২.৫] নিরীক্ষা সম্পাদিত সমিতির এজিএম আয়োজিত | উপজেলা সমবায় কার্যালয়, দিঘলিয়া | উপজেলা ভিত্তিক তালিকা (সমবায়ের নাম, অডিট সম্পাদনের তারিখ, এজিএম অনুষ্ঠানের তারিখ)। |
| | [২.২.৬] নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও ব্যবস্থা গ্রহণ | উপজেলা সমবায় কার্যালয়, দিঘলিয়া | জেলা ভিত্তিক সমবায়ের সংখ্যা |
| | [২.২.৭] নিরীক্ষা সংশোধনী প্রতিবেদন দাখিলকৃত | উপজেলা সমবায় কার্যালয়, দিঘলিয়া | জেলা ভিত্তিক সমবায়ের সংখ্যা |
| | [২.২.৮] এজিএম সম্পন্ন না হওয়া সমিতির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গৃহীত | উপজেলা সমবায় কার্যালয়, দিঘলিয়া | উপজেলা ভিত্তিক তালিকা (সমবায়ের নাম, অডিট সম্পাদনের তারিখ, এজিএম অনুষ্ঠানের তারিখ)। |
| [২.৩] রাজস্ব আদায় | [২.৩.১] নিরীক্ষা ফি আদায়কৃত | উপজেলা সমবায় কার্যালয়, দিঘলিয়া | উপজেলাভিত্তিক তালিকা (সমবায় এর নাম, নির্ণীত নীট লাভ, ধার্যকৃত অডিট সেস, আদায়কৃত টাকার পরিমান)। |
| | [২.৩.২] সমবায় উন্নয়ন তহবিল আদায়কৃত | উপজেলা সমবায় কার্যালয়, দিঘলিয়া | উপজেলাভিত্তিক তালিকা (সমবায় এর নাম, নির্ণীত নীট লাভ, ধার্যকৃত অডিট সেস, আদায়কৃত টাকার পরিমান)। |
| [৩.১] স্থানীয় চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ | [৩.১.১] ভ্রাম্যমাণ প্রশিক্ষণ অনুষ্ঠিত (পুরুষ/মহিলা) | উপজেলা সমবায় কার্যালয়, দিঘলিয়া | উপজেলা ভিত্তিক সভার সংখ্যা (উপজেলার নাম, সভার সংখ্যা, উপস্থিতির সংখ্যা)। |
| [৩.২] সমবায় ইনস্টিটিউটে চাহিদা অনুযায়ী প্রশিক্ষণার্থী প্রেরণ | [৩.২.১] প্রশিক্ষণার্থী প্রেরিত(পুরুষ/মহিলা) | উপজেলা সমবায় কার্যালয়, দিঘলিয়া | উপজেলা ভিত্তিক তালিকা ( মনোনীত প্রশিক্ষনার্থীর নাম, সমবায় এর নাম, কোর্সের নাম, কোর্স অনুষ্ঠানের তারিখ (হতে-পর্যন্ত)। |
| [৩.৩] প্রাতিষ্ঠানিক স্বীকৃতি | [৩.৩.১] জাতীয় সমবায় পুরস্কারের জন্য মনোনয়ন প্রেরিত | উপজেলা সমবায় কার্যালয়, দিঘলিয়া | মনোনয়নের তালিকা |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| সমবায় সুশাসন প্রতিষ্ঠা | কার্যকর সমিতির নিরীক্ষা সম্পাদনের হার | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) | বিআরডিবিভুক্ত কেন্দ্রীয় সমবায়সমূহের নিরীক্ষা ৩১, ডিসেম্বর তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। নিবন্ধিত কার্যকর সমবায়সমূহের যে কয়টি কেন্দ্রীয় সমবায় বিআরডিবির আওতাভুক্ত। উক্ত সমবায়সমূহের নিরীক্ষা যথাসময়ে সম্পাদনের দায়িত্ব বিআরডিবি কর্তৃপক্ষের। |
| সমবায় সুশাসন প্রতিষ্ঠা | কার্যকর সমিতির নিরীক্ষা সম্পাদনের হার | কালব | কাল্বভুক্ত কার্যকর সমবায়সমূহের নিরীক্ষা ৩১, মার্চ তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। কাল্বভুক্ত কার্যকর সমবায়সমূহের নিরীক্ষা যথাসময়ে সম্পাদনের দায়িত্ব কাল্ব কর্তৃপক্ষের। |
| সমবায় সুশাসন প্রতিষ্ঠা | কার্যকর সমিতির নিরীক্ষা সম্পাদনের হার | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সিআইজিভুক্ত কার্যকর সমবায় সমূহের নিরীক্ষা ৩১, মার্চ তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতাধীন প্রকল্পভুক্ত নিবন্ধিত কার্যকর সিআইজি সমবায় সমিতিগুলোর অডিট সম্পাদনে সংশ্লিষ্ট দপ্তরের সহযোগীতা। |
| সমবায় সুশাসন প্রতিষ্ঠা | কার্যকর সমিতির নিরীক্ষা সম্পাদনের হার | মৎস্য অধিদপ্তর | সিআইজিভুক্ত কার্যকর সমবায় সমূহের নিরীক্ষা ৩১, মার্চ তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। মৎস্য অধিদপ্তরের আওতাধীন প্রকল্পভুক্ত নিবন্ধিত কার্যকর সিআইজি সমবায় সমিতিগুলোর অডিট সম্পাদনে সংশ্লিষ্ট দপ্তরের সহযোগীতা। |
| সমবায় সুশাসন প্রতিষ্ঠা | কার্যকর সমিতির নিরীক্ষা সম্পাদনের হার | প্রাণিসম্পদ অধিদপ্তর | সিআইজিভুক্ত কার্যকর সমবায় সমূহের নিরীক্ষা ৩১, মার্চ তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। প্রাণি সম্পদ অধিদপ্তরের আওতাধীন প্রকল্পভুক্ত নিবন্ধিত কার্যকর সিআইজি সমবায় সমিতিগুলোর অডিট সম্পাদনে সংশ্লিষ্ট দপ্তরের সহযোগীতা। |
| সমবায় সুশাসন প্রতিষ্ঠা | কার্যকর সমিতির নিরীক্ষা সম্পাদনের হার | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | কার্যকর পানি ব্যবস্থাপনা সমবায় সমূহের নিরীক্ষা ৩১, অক্টোবর তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা |

# সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ